দৈনিক ... ...

FEB. 09 2002

# বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (ইউএসটিসি)

## ২য় সমাবর্তন উৎসব ২০০২

ইউএসটিসি'র এমবিবিএস, বি ফার্ম (অনার্স), এম, ফার্ম ও বিবিএ বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী **৬ই মার্চ ২০০২ ইং** বুধবার বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন উৎসব অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ সরকারের মাননীয় রাষ্ট্রপতি ও ইউএসটিসি'র চ্যান্সেলর **প্রফেসর একিউএম বদরুদ্দোজা চৌধুরী** সমাবর্তন উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সার্টিফিকেট বিতরণ করবেন।

সমাবর্তন উৎসবে যোগদানে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে আগামী **২৬শে ফেব্রুয়ারী ২০০২ ইং** তারিখের মধ্যে নির্ধারিত ফরম (ইউএসটিসি রেজিস্ট্রার অফিস থেকে যাহা সংগ্রহ করা যাবে) যথাযথভাবে পূরণকরত রেজিস্ট্রার অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা গেল।

### সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের নিয়মাবলী ও শর্তাবলী ঃ

ক) প্রতিটি ডিগ্রীর জন্য রেজিস্ট্রেশন ফি ২০০০.০০ টাকা এবং একাধিক ডিগ্রীপ্রাপ্ত হয়ে থাকলে তাকে প্রতিটি ডিগ্রীর জন্য পৃথক পৃথকভাবে ২ (দুই) কপি করে আবেদন ফরম ও রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।

খ) উক্ত টাকা ইউএসটিসি, ফয়েজ লেক, চট্টগ্রামের অনুকূলে ডিডি বা পে-অর্ডার আকারে জমা দিতে হবে। কোন ক্যাশ/মানি অর্ডার আকারে টাকা জমা নেওয়া হবে না।

গ) আবেদনপত্রের সাথে ৩ (তিন) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। ছবির পিছনে প্রার্থীর নাম স্বহস্তে লিখতে হবে।

ঘ) যাঁরা ইতিপূর্বে মূল/সাময়িক সনদপত্র গ্রহণ করেছেন তাঁদেরকে উক্ত সনদপত্র দরখাস্তের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে।

পি-২৮৬/২০০২

**অধ্যাপক তোফায়েল আহমেদ**
রেজিস্ট্রার, ইউএসটিসি, ফয়েজ লেক, চট্টগ্রাম।